তারিখ 15 NOV 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৪

সংবাদ

থানছি রেমাক্রী উচ্চ বিদ্যালয়

# ১১ মাস ধরে বেতন পাচ্ছেন না শিক্ষকরা: ক্লাস বর্জনের ঘোষণা

প্রতিনিধি, বান্দরবান

বান্দরবানে থানচির উপজেলার রেমাক্রী ইউনিয়নে উচ্চ বিদ্যালয়ের শিক্ষকরা অনির্দিষ্টকালে জন্য ক্লাস বর্জন ঘোষনা দিয়েছে। ফলে প্রায় ৫৬ জন শিক্ষার্থী নিয়মিত পাঠদান থেকে বঞ্চিত হচ্ছে। এ অবস্থা চলতে থাকলে আসন্ন বার্ষিক পরীক্ষা অংশ গ্রহণের বিষয়ে অনিশ্চিত হয়ে পড়বে। আবাসিক ছেড়ে শিক্ষার্থীরা বাড়িতে ফিরতে প্রস্তুতি নিচ্ছে। উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্টদের আশু হস্তক্ষেপ কামনা করেছেন অভিভাবকরা। জানা যায়, ২১ অক্টোবর শুক্রবার ত্রিবার্ষিক সভাকে শিক্ষকদের ১১ মাসের বেতন সভাকে দাবি করা হলে প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান ক্যহ্লাচিং মারমা ও পরিচালনা পর্ষদের সভাপ্রতি ও সাবেক ইউপি চেয়ারম্যান মালিরাং ত্রিপুরা ৩০ অক্টোবরের মধ্যে এক মাসের বেতন প্রদানের প্রতিশ্রুতি দিয়েছিল। প্রতিশ্রুতি সময় পার হলে শিক্ষকদের ন্যূনতম খাওয়ার চাউল পর্যন্ত না থাকায় ক্লাস বর্জনের বাধ্য হচ্ছে বলে জানিয়েছেন। প্রধান শিক্ষক বেনেডিক্ট ত্রিপুরা জানান, শিক্ষকদের ন্যূনতম ১ মাসে বেতন প্রদান করা হলে, আগামী ১৮ নভেম্বর শিক্ষার্থীদের অভিভাবক, এলাকার গণ্যমান্য, হেডম্যান, কারবারী, পরিচালনা পর্ষদের সকল সদস্য, জনপ্রতিনিধিদের নিয়ে সম্মেলন করে বিদ্যালয়ের নানা সমস্যা সমাধানে বিষয়ের চূড়ান্ত পর্যায়ের যাওয়ার প্রস্তুতি রয়েছে। তবে শিক্ষকরা ক্লাস বর্জন করা ঐ সম্মেলন না হওয়ার সম্ভাবনা বেশি বলে জানিয়েছেন তিনি।